দৈনিক ইত্তেফাক

# আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত শিক্ষার্থীদের কাছ থেকে ভ্যাট নয়

■ **ইত্তেফাক রিপোর্ট**

ইংরেজি মাধ্যমের স্কুলের শিক্ষার্থীদের কাছ থেকে সাড়ে ৭ শতাংশ হারে ভ্যাট না নিতে সরকারকে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) করা আপিলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এ নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিন্হার নেতৃত্বাধীন আপিল বিভাগ গতকাল সোমবার এ আদেশ দেন। আদালতে এনবিআরের পক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল এসএম মনিরুজ্জামান এবং রিটকারীর পক্ষে অ্যাডভোকেট এ এম আমিন উদ্দিন শুনানি করেন।

ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদে টিউশন ফির ওপর ২০১২ সালে ৪ দশমিক ৫ শতংশ ভ্যাট আরোপ করে এনবিআর। ২০১৫ সালে এটি বৃদ্ধি করে সাড়ে ৭ শতাংশ হারে আরোপ করে। এক রিট আবেদনের প্রেক্ষিতে গত বছরের ১২ ডিসেম্বর ভ্যাট আরোপের সিদ্ধান্তকে অবৈধ ঘোষণা করে রায় দেয় হাইকোর্ট। এনবিআর হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল করার অনুমতি চেয়ে আবেদন করে। গতকাল আপিল বিভাগ এ আবেদন মঞ্জুর করে।